

235361 - শুকনো পাউডার দুধ দিয়ে ফিতরা আদায় করা কি জায়েয?

প্রশ্ন

প্রশ্ন: শুকনো পাউডার দুধ দিয়ে ফিতরা আদায় করা কি জায়েয?

প্রিয় উত্তর

কোন দেশে প্রথাগতভাবে মানুষ যে ধরণের খাবারকে মৌলিক খাদ্য হিসেবে গ্রহণ করে সে খাবার ছাড়া অন্য কিছু দিয়ে ফিতরা আদায় করা জায়েয হবে না। অর্থাৎ মানুষ দুপুরের ও রাতের প্রধান খাদ্য হিসেবে যে খাবার খায় সেগুলো যেমন- গম, চাল ও এ জাতীয় অন্য কিছু।

অতএব, শুকনো পাউডার দুধ দিয়ে ফিতরা আদায় করা জায়েয হবে না। তবে, দুধ যদি কোন দেশের মানুষের মৌলিক খাদ্য হয়ে যায় তাহলে জায়েয হবে।

আমি এ প্রশ্নটি আমাদের শাইখ আব্দুর রহমান বিন আল-বার্রাকের কাছে পেশ করেছি তিনি বলেন: "দুধ দিয়ে ফিতরা আদায় করা জায়েয হবে না। তবে, কোন দেশের মানুষের খাদ্য হয় দুধ তাহলে অসুবিধা নেই"।[সমাপ্ত]

আল্লাহ ভাল জানেন।